

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২২৮

আগরতলা, ১৪ সেপ্টেম্বর, ২০২৪

মহানাম অঙ্গনের উদ্যোগে রক্তদান শিবির
রক্তদানের মাধ্যমে মানবধর্ম পালন করা যায় : মুখ্যমন্ত্রী



রক্তদানের মাধ্যমে মানবধর্ম পালন করা যায়। রাজ্য সরকারের আহ্বানে ত্রিপুরার মানুষে স্বতস্ফূর্তভাবে রক্তদানে এগিয়ে আসছে। রক্তদানে সবাইকে এগিয়ে আসতে হবে। আজ আগরতলার বনমালীপুরে মহানাম অঙ্গনের ৪৩তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী আরও বলেন, রক্তের কোন বিকল্প নেই। তবে রক্তদান এবং মজুতের মধ্যে সমতা বজায় থাকা দরকার। রাজ্যের মোট জনসংখ্যার ১ শতাংশ রক্ত ব্লাড ব্যাঙ্কে থাকা প্রয়োজন। এই কারণে বর্তমান রাজ্য সরকার রক্তদান উৎসবে উৎসাহ প্রদান করে চলছে। তিনি বলেন, রাজ্যে ১৪টি ব্লাড ব্যাঙ্ক রয়েছে। ১২টি সরকারি এবং ২টি বেসরকারি ব্লাড ব্যাঙ্ক। মুখ্যমন্ত্রী মহানাম অঙ্গন আশ্রমের এই উদ্যোগের জন্য সাধুবাদ জানান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার ও বর্তমান রাজ্য সরকার মানুষের কল্যাণে কাজ করছে। বর্তমান রাজ্য সরকারের মুখ্য উদ্দেশ্যই হলো মানুষের সেবা।

অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রক্তদান একটি অন্যতম সামাজিক কাজ। রক্তদান করার সময় আমরা কেউ জানিনা কার শরীরে এই রক্ত প্রবেশ করবে। তাই অজান্তেই আমরা একটি বিরাট মানবধর্ম পালন করছি। সবার উচিত এই মানবধর্মে এগিয়ে আসা। পাশাপাশি অন্যকে রক্তদানে উৎসাহিত করা। উল্লেখ্য, অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ত্রিপুরা মহানাম সেবক সংঘের পক্ষ থেকে ৫০,০০১ টাকার চেক মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা হাতে তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের সম্পাদক সুদীপ কুমার রায়। তাছাড়া বক্তব্য রাখেন মহানাম সম্প্রদায়ের সর্বভারতীয় সভাপতি শ্রীমৎ উপাসক বন্ধু ব্রহ্মচারী মহারাজ। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের সভাপতি ডা. সঞ্জয় নাথ। অনুষ্ঠানের প্রথমেই মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী সহ অতিথিগণ রক্তদান শিবির পরিদর্শন করেন এবং রক্তদাতাদের উৎসাহিত করেন।
